গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

নং-স্বাপকম/স্বাসেবি/এফএমএইউ/১সি-৪/২০০২/এনওসি/২০০২/অংশ-৫/৩৭২ তারিখঃ

১০ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অডিট ছাড়পত্র।

সূত্রঃ ১। নং-ডিজিএইচএস/অডিট ছাড়পত্র/৬এ-১৫৬৯/৯১(অংশ-১)/৯৮৫৩, তারিখঃ ২৯/০৯/২০০৫ খ্রিঃ।
২। মরহুম ডাঃ সৈয়দ আব্দুল করিম এর স্ত্রীর আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারদ্বয়ের বরাতে জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে মরহুম ডাঃ সৈয়দ আবদুল করিম, প্রাক্তন সিভিল সার্জন, চাঁদপুর এর অডিট ছাড়পত্রের প্রস্তাব প্রাপ্তির পর এ অধিশাখার ০৭-১২-২০০৫ খ্রিঃ তারিখের নং-স্বাপকম/১সি-৪/২০০২/অডিট ছাড়পত্র (অংশ-৫)/১১০৭ সংখ্যক স্মারক মাধ্যমে ১৫ (পনের)টি অডিট আপত্তি উত্থাপন করে পত্র দেয়া হয়। উত্থাপিত অডিট আপত্তিটির হালনাগাদ অবস্থা বর্ণনাসহ মন্ত্রণালয়ের মন্তব্য নিম্নরূপঃ

ক্রমিক নং-	নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম	নিরীক্ষাকারী কর্তৃপক্ষ	আর্থিক সন	অনুচ্ছেদ নং ও আপত্তির শিরোনাম।	মন্ত্রণালয়ের মন্তব্য
০১	সিভিল সার্জন সার্জন অফিস, চাঁদপুর।	সিভিল অডিট অধিদপ্তর	১৯৯৭-৯৮	০৭। অনিয়মিতভাবে আসবাবপত্র মেরামত বাবদ ৭,১১,৫৪৫/- টাকা পরিশোধ এবং ভ্যাট বাবদ ১০,৬৭৩/১৭ টাকা কম কর্তন প্রসংগে।	এ অডিট আপত্তির দুটি অংশ। প্রথম অংশ হলো অনিয়মিতভাবে আসবাবপত্র মেরামত এবং দ্বিতীয় অংশ হলো ভ্যাট কম কর্তন সংক্রান্ত। অনিয়মিতভাবে আসবাবপত্র মেরামত সংক্রান্ত ৭,১১,৫৪৫/- টাকার আপত্তি নিষ্পত্তি হয়নি। ভ্যাট কম কর্তন সংক্রান্ত ১০,৬৭৩/১৭ টাকার অডিট আপত্তি সিভিল অডিট অধিদপ্তরের ২১/১১/২০০৬ খ্রিঃ তারিখের নং-সিঅঅ/রি-২/প্রতি/চট্ট/চাঁদ/৯৭-৯৮/১০(২)/৪৩০ সংখ্যক স্মারক মাধ্যমে নিষ্পত্তি/ মিমাংসিত হয়েছে।
০২	সদর হাসপাতাল, চাঁদপুর।	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর	১৯৯৮-৯৯	০৩। শয্যা সংখ্যার অতিরিক্ত রোগীর পথ্য বাবদ ১,৫৮,৬৭০/- টাকা ব্যয় প্রসংগে।	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।
০৩	-ঐ-	-ঐ-	-ঐ-	০৪। হাসপাতালের রোগীদের ০৯/১৯৯৮ মাসের পথ্যের বিল ১৯৯৭-৯৮ আর্থিক সনের টেন্ডার অনুযায়ী পরিশোধ ঠিকাদারকে	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।

				১৬,৮৪৮/- অতিরিক্ত পরিশোধ জনিত ক্ষতি।	
০৪	সদর হাসপাতাল, চাঁদপুর।	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর	১৯৯৮-৯৯	০৫। হাসপাতালে ভর্তি রোগীদের পথ্যের দরপত্র আহবানের পর অনুমোদন ও কার্যাদেশ প্রদানে দীর্ঘসূত্রিতার জন্য অতিরিক্ত ব্যয়ের মাধ্যমে সরকারের ৩৫,১৭৮/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।
০৫	-ঐ-	সিভিল অডিট অধিদপ্তর	১৯৯৭-৯৮	অগ্রীম। সর্বনিম্ন দরদাতাকে সরবরাহ আদেশ প্রদান না করার মাধ্যমে সরকারী তহবিল হতে অতিরিক্ত ১,০৭,৮৮১/৫০ টাকা পরিশোধ।	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।
০৬	-ঐ-	-ঐ-	-ঐ-	অগ্রীম। সর্বনিম্ন দরদাতাকে সরবরাহের আদেশ প্রদান না করার মাধ্যমে সরকারী তহবিল হতে মনোহারী মালামাল ক্রয়ে ৮২,৮৯৭/- টাকা অতিরিক্ত পরিশোধ।	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।
০৭	-ঐ-	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর	১৯৯৬-৯৭	অগ্রীম। এক্স-রে ফি বাবদ আদায়কৃত ১২,৬০৯/- টাকা জমার সমর্থনে চালান পাওয়া যায়নি।	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।
০৮	সিভিল সার্জন অফিস, চাঁদপুর।	-ঐ-	১৯৯৫-৯৮	০১। চাহিদা না থাকা সত্ত্বেও প্রকিউরমেন্ট প্লান বহির্ভূত ঔষধ ক্রয় করায় ৪,১৩,৮৮০/- টাকা অনিয়মিত ব্যয়। তাঁর অংশ-৩,০৭,২০০/- টাকা।	পিএ কমিটিতে উত্থাপিত এ অডিট আপত্তিতে তাকে ৩,০৭,২০০/- টাকার জন্য এ ইউনিটের ১০/০৬/২০১২ খ্রিঃ তারিখের নং-স্বাপকম/অডিট/১সি-৪৩/পিএসি/চাঁদপুর/২০১২/৫১৪ সংখ্যক স্মারক মাধ্যমে দায়ী করা হয়েছে।
০৯	-ঐ-	-ঐ-	-ঐ-	০২। অস্বাভাবিক উচ্চমূল্যে এবং এসআর অপেক্ষা অতিরিক্ত মূল্যে আসবাবপত্র ক্রয় করায় ২,৯১,৪২৫/- টাকা আর্থিক ক্ষতি। তাঁর অংশ-২,৮১,৫৩১/৫০ টাকা।	পিএ কমিটিতে উত্থাপিত এ অডিট আপত্তিতে তাকে ২,৮১,৫৩১/৫০ টাকার জন্য এ ইউনিটের ১০/০৬/২০১২ খ্রিঃ তারিখের নং-স্বাপকম/অডিট/১সি-৪৩/পিএসি/চাঁদপুর/২০১২/৫১৪ সংখ্যক স্মারক মাধ্যমে দায়ী করা হয়েছে।

১০	সিভিল সার্জন অফিস, চাঁদপুর।	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর	১৯৯৫-৯৮	০৩। এসওার অপেক্ষা অতিরিক্ত মূল্যে গজ, ব্যান্ডেজ ক্রয় করায় ২,০৬,২৫০/- টাকা আর্থিক ক্ষতি।	অনুচ্ছেদ নং-০২ এ একীভূত করা হয়েছে।
১১	সিভিল সার্জন অফিস, চাঁদপুর।	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর	১৯৯৫-৯৮	০৪। কোম্পানী মূল্যের (এমআরপি) চেয়ে অতিরিক্ত মূল্যে ঔষধ ক্রয় করায় ১,১৪,৩৪০/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।
১২	-ঐ-	-ঐ-	-ঐ-	০৫। এসওার অপেক্ষা অতিরক্ত মূল্যে যন্ত্রপাতি ক্রয় করায় ৬৫,৩৮৮/- টাকা আর্থিক ক্ষতি।	অনুচ্ছেদ নং-০২ এ একীভূত করা হয়েছে।
১৩	-ঐ-	-ঐ-	-ঐ-	০৬। অস্বাভাবিক অতিরক্ত মূল্যে রাবারশীট ক্রয় করায় ২,০১,৮৫২/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তি হয়নি।
১৪	-ঐ-	-ঐ-	-ঐ-	০৭। অস্বাভাবিক উচ্চমূল্যে এবং এসআর অপেক্ষা অতিরিক্ত মূল্যে লিনেন সামগ্রী ক্রয় করায় ১,৯২,০৫০/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি।
১৫	-ঐ-	-ঐ-	১৯৯৮-৯৯	০১। প্রতিযোগিতামূলক দর না হওয়া সত্ত্বেও ঔষধ উৎপাদনকারী সংস্থা হতে ক্রয় না করে ঠিকাদারের নিকট হতে ক্রয় করায় ১,৫৩,৯২০/- টাকা সরকারের আর্থিক ক্ষতি। আপত্তিকৃত টাকা হবে ১৯,৮৫০/- টাকা।	১১/০৯/২০০৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছিল। কিন্তু নিষ্পত্তির কোন প্রমাণক এ অধিশাখায় পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য যে, উক্ত সভায় স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, প্রকৃতপক্ষে আপত্তিকৃত টাকা ১,৫৩,৯২০/- টাকার স্থলে ১৯,৮৫০/- টাকা হবে।

০২। মরহুম ডাঃ সৈয়দ আব্দুল করিম এর কর্মকালীন সময়ের ১৫টি অনিষ্পন্ন অডিট আপত্তিতে জড়িত টাকা হল ২২,৪২,৪৫২/- টাকা। উক্ত টাকা আনুতোষিক হতে কর্তন সাপেক্ষে অডিট ছাড়পত্র প্রদানের জন্য মরহুমের স্ত্রী জনাবা পারভীন বেগম আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, অনিষ্পন্ন অডিট আপত্তি বাবদ ২২,৪২,৪৫২/- (বাইশ লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত বায়ান্ন) টাকা মরহুম ডাঃ সৈয়দ আব্দুল করিম, প্রাক্তন সিভিল সার্জন, চাঁদপুর এর আনুতোষিক/পেনশন হতে কর্তন/স্থগিত সাপেক্ষে এ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিটের অডিট ছাড়পত্র প্রদান করা হল। তবে শর্ত থাকে যে, ভবিষ্যতে উপর্যুক্ত কর্মকর্তার বিরুদ্ধে কোন অডিট আপত্তি উত্থাপন/কোন পাওনার দাবী প্রমাণিত হলে তা তাঁর উত্তরাধিকারীগণ নিষ্পত্তি/সরকার-কে পরিশোধ করতে বাধ্য থাকবেন। একইসাথে আপত্তিকৃত ২২,৪২,৪৫২/- (বাইশ লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত বায়ান্ন) টাকা কর্তন/স্থগিতের প্রমাণক আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিটে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১০/১১/২০
(এম. ডি. কামাল হোসেন)
সহকারী পরিচালক
ফোনঃ ৯৫৪০৬৮১

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

(দৃঃ আঃ পরিচালক, অর্থ)

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (আঃ ব্যঃ অঃ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, বাজেট অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, চাঁদপুর।
৪। সিভিল সার্জন, চাঁদপুর।
৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর।
৭। জনাবা পারভীন বেগম, স্বামীঃ মরহুম ডাঃ সৈয়দ আব্দুল করিম, প্রাক্তন সিভিল সার্জন, চাঁদপুর। যোগাযোগের ঠিকানাঃ বাসা-৫১, রোড-০৩, ব্লক-বি, সেকশন-১২, মিরপুর, ঢাকা-১২১৬।